

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১০৬৭

শান্তিরবাজার, ১ সেপ্টেম্বর, ২০২৪

জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত সদস্যদের শপথ

দক্ষিণ ত্রিপুরা জেলার জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত সদস্যগণ গতকাল জোলাইবাড়ি ব্লক কার্যালয়ে এক অনুষ্ঠানে শপথ গ্রহণ করেন। নবনির্বাচিত ১১ জন সদস্য-সদস্যকে শপথ বাক্য পাঠ করান জেলা পঞ্চায়েত আধিকারিক সুব্রত ভট্টাচার্য। শপথ গ্রহণের পর নবনির্বাচিত সদস্য-সদস্যগণ জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান হিসেবে তাপস দত্তকে এবং ভাইস চেয়ারম্যান হিসেবে কেশব চৌধুরীকে মনোনীত করেন। এরপর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান শপথ গ্রহণ করেন। তাদের শপথ বাক্য পাঠ করান জেলা পঞ্চায়েত আধিকারিক। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, জোলাইবাড়ি ব্লকের বিডিও মানস ভট্টাচার্য, সমাজসেবী অজয় রিয়াং প্রমুখ।

\*\*\*\*\*